# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৪৬

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ নারীর জন্য স্বামীর সম্পদ থেকে খরচ করা বৈধ, যদি এর কারণে কোন ফাসাদ তৈরি না হয়

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْأَةِ أَنْ تَتَصَدَّقَ مِنْ مَالِ زَوْجِهَا مَا لَمْ يُجحف ذَلِكَ بِهِ

আরবী

3346 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُنْذِرِ بْنِ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا يُوسُفُ بْنُ سَعِيدٍ قَالَ:حَدَّثَنَا حَجَّاجٌ عَنِ ابْنِ جُرَيْجٍ قَالَ: أَخْبَرَنِي ابْنُ أَبِي مُلَيْكَةَ عَنْ عَبَّادِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ عَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ: أَنَّهَا جَاءَتِ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ: يَا نَبِيَّ اللَّهِ لَيْسَ لِي شَيْءٌ إِلَّا مَا أَدْخَلَ عليَّ الزُّبَيْرُ فَهَلْ عَلَيَّ مِنْ جُناح أَنْ أَرْضَخَ مِمَّا يُدْخِلُ عَلَيَّ قَالَ: (ارْضَخِي مَا اسْتَطَعْتِ وَلَا تُوعي فيُوعي اللَّهُ عليك)

الراوي : أَسْمَاء بِنْت أَبِي بَكْرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3346 | خلاصة حكم المحدث: صحيح – ((صحيح أبي داود)) (1490): ق.

বাংলা

৩৩৪৬. আসমা বিনতে আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলেন, “হে আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, যুবাইর রাদ্বিয়াল্লাহু আনহু ঘরে যা নিয়ে আসেন, তা ছাড়া আমার কোন কিছুই নেই। কাজেই তিনি যা ঘরে নিয়ে আসেন, যদি আমি সেখান থেকে দান করি, তবে কি আবার গোনাহ হবে?” জবাবে তিনি বলেন, “তুমি যথাসাধ্য দান করো। তুমি টাকা থলেতে বেধে রাখবে না, তাহলে আল্লাহও তোমাকে দেওয়া থেকে বিরত থাকবেন।”[1]

ফুটনোট

[1] সহীহুল বুখারী: ১৪৩৪; সহীহ মুসলিম: ১০২৯; নাসাঈ: ৫/৭৪; সুনান বাইহাকী: ৪/১৮৭; মুসনাদ আহমাদ: ৬/৩৫৪; বাগাবী: ১৬৫৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৬৬১৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৪৯০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আসমা বিনতু আবূ বাকর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92679

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন